# ড. জাফরুল্লাহ স্মরণে গবিতে আন্তঃকলেজ জাতীয় বিতর্ক প্রতিযোগিতা শুরু



ছবি: রাজিউল ইসলাম শান্ত

ড. জাফরুল্লাহ চৌধুরীর নেতৃত্বচিন্তা ও আদর্শ স্মরণে গণ বিশ্ববিদ্যালয়ে দুই দিনব্যাপী আন্তঃকলেজ জাতীয় বিতর্ক প্রতিযোগিতা শুরু হয়েছে। দেশের নানা প্রান্ত থেকে কলেজ পর্যায়ের শিক্ষার্থীরা অংশ নিচ্ছেন। আজ অনুষ্ঠিত হচ্ছে কোয়ার্টার ফাইনাল রাউন্ড।

শুক্রবার (৩০ জানুয়ারি) সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের ৪১৭ নম্বর কক্ষে আনুষ্ঠানিকভাবে প্রতিযোগিতার উদ্বোধন করা হয়। আয়োজক গণ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির উদ্যোগে 'ড. জাফরুল্লাহ চৌধুরী স্মরণে আন্তঃকলেজ জাতীয় বিতর্ক প্রতিযোগিতা–২০২৬' শিরোনামের এ অনুষ্ঠানে মোট ২০টি দল অংশ নিয়েছে।

জিবিডিএসের উপদেষ্টা ও বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগের সহকারী অধ্যাপক মো: এখলাস উদ্দিন বলেন, বিতর্কচর্চা শিক্ষার্থীদের চিন্তাশক্তি ও নেতৃত্ব বিকাশে কার্যকর ভূমিকা রাখে। জিবিডিএস নিয়মিত কার্যক্রমের মাধ্যমে শিক্ষার্থীদের প্রতিভা বিকাশের সুযোগ তৈরি করছে।

প্রধান অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আবুল হোসেন বলেন, ড. জাফরুল্লাহ চৌধুরীর দর্শন ছিল—সব শ্রেণির মানুষের জন্য শিক্ষা নিশ্চিত করা এবং শিক্ষার্থীদের নেতৃত্বের গুণাবলি গড়ে তোলা। সেই চিন্তা থেকেই গণ বিশ্ববিদ্যালয়ে প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের মধ্যে প্রথম ছাত্র সংসদ চালু করা হয়। বিতর্কচর্চাও শিক্ষার্থীদের নেতৃত্ব বিকাশে ভূমিকা রাখে বলে তিনি উল্লেখ করেন।

জিবিডিএসের সভাপতি আরিফুল ইসলাম বুলবুল বলেন, ৩২ একরের ক্যাম্পাসে গড়ে ওঠা জিবিডিএস একটি ব্যতিক্রমী সংগঠন। এই সংগঠন শিক্ষার্থীদের যুক্তিবোধ ও নেতৃত্বগুণ বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে এবং ভবিষ্যৎ নেতৃত্ব তৈরির একটি কার্যকর ক্ষেত্র হিসেবে কাজ করছে।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী এবং কেন্দ্রীয় ছাত্র সংসদের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। প্রতিযোগিতার চূড়ান্ত রাউন্ড আগামীকাল শনিবার (৩১ জানুয়ারি) অনুষ্ঠিত হবে।